স্মারক নং- ৩৮.১১৪.০০৪.০৪.০২.৫০০.২০১৬- ৮৭০ তারিখ ৫ ভাদ্র, ১৪২৫ / ২০ আগষ্ট, ২০১৮

বিষয়ঃ এ.এ.টি মোকদ্দমা নং ৩৩৮/২০১৭ (বগুড়া এ.টি মোকদ্দমা নং ৯৯/২০১৬ থেকে উদ্ভূত) এর রায়ের সার্টিফাইড কপি উত্তোলণপূর্বক উক্ত রায়ের বিরুদ্ধে মহামান্য সুপ্রীমকোর্টের আপিল বিভাগে সিভিল পিটিশন ফর লীভ টু আপিল দায়ের সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনাব মোহাঃ আমিরুদ্দীন, সহকারি শিক্ষিক (বর্তমানে অবসর প্রাপ্ত), উষির বেলডাঙ্গা (নব) সরকারি প্রাথমিক বিদ্যালয়, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ পি.আর.এল.সহ লামগ্রান্ট ও পেনসন মঞ্জুরী সংক্রান্ত বিষয়ে সরকারের বিরুদ্ধে বিজ্ঞ প্রশাসনিক ট্রাইব্যুনাল বগুড়ায় এ.টি মোকদ্দমা নং ৯৯/২০১৬ দায়ের করেছেন। মাননীয় আদালত সরকারের বিপক্ষে রায় প্রদান করেন। সরকার পক্ষ থেকে উক্ত রায়ের বিরুদ্ধে মাননীয় প্রশাসনিক আপিল ট্রাইব্যুনাল, ঢাকায় এ.এ.টি মামলা নং ৩৩৮/২০১৭ দায়ের করা হয়। বিজ্ঞ আদালত ১৭.০৭.২০১৮ তারিখে এ.এ.টি মামলা নং ৩৩৮/২০১৭ এর রায় সরকারের বিপক্ষে প্রদান করেন। উক্ত রায়ের বিরুদ্ধে মহামান্য সুপ্রীমকোর্টের আপিল বিভাগে সিভিল পিটিশন ফর লীভ টু আপিল দায়ের করা প্রয়োজন।

০২। বর্ণিত অবস্থায়, বিজ্ঞ আদালত থেকে উক্ত এ,এ,টি মোকদ্দমা নং ৩৩৮/২০১৭ এর রায়ের সার্টিফাইড কপি উত্তোলনপূর্বক উক্ত রায়ের বিরুদ্ধে মহামান্য সুপ্রীমকোর্টের আপিল বিভাগে সিভিল পিটিশন ফর লীভ টু আপিল দায়েরের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো এবং নিম্নের রেকর্ডসমুহ এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ ১। এ.টি মোকদ্দমা নং ৯৯/২০১৬ এর আর্জির কপি।
২। এ.টি মোকদ্দমা নং ৯৯/২০১৬ এর জবাবের কপি।
৩। এ.টি মোকদ্দমা নং ৯৯/২০১৬ এর রায়ের কপি।
৪। এ.এ.টি মোকদ্দমা নং ৩৩৮/২০১৭ এর আর্জির কপি।
৫। সরকার পক্ষের রেকর্ডপত্র।
৬। মহাপরিচালক মহোদয়ের স্বাক্ষরিত ওকালতনামা।

Rislam 19.08.2018
(মুহাম্মদ রকিবুল ইসলাম তালুকদার)
সহঃ পরিচালক (আইন কোষ)

জনাব এডভোকেট শেখ শফিক মাহমুদ
আজিজ কো-অপারেটিভ কমপ্লেক্স।
চেম্বার নং এ-৪ (৬ষ্ঠ তলা)
২০৪, শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণী, ঢাকা।

স্মারক নং- ৩৮.১১৪.০০৪.০৪.০২.৫০০.২০১৬- ৮৭০/২ তারিখ ৫ ভাদ্র, ১৪২৫ / ২০ আগষ্ট, ২০১৮

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্য্যার্থে অনুলিপি প্রেরিত হলো:
১। সহকারি সচিব (আইন শাখা), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩। সংরক্ষন নথি।

Rislam 19.08.2018
(মুহাম্মদ রকিবুল ইসলাম তালুকদার)
সহঃ পরিচালক (আইন কোষ)।